

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯২.২০১৯-৩৪

তারিখঃ ০২ মাঘ ১৪২৬
১৬ জানুয়ারি ২০২০

বিষয়: বগুড়া জেলার দুপচাচিয়া উপজেলাধীন অর্জনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল কাদের ও সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব রেবেকা নাজমুন নাহারকে চূড়ান্তভাবে বরখাস্ত করে স্থায়ীভাবে এমপিও বন্ধ করার বিষয়ে গৃহীত পদক্ষেপ টিএমইডিকে অবহিতকরণ।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯২.১৯-৫৩০
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-৩৪৬

তারিখ: ২০.১০.১৯ খ্রি।
তারিখ: ৩১.১০.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্র (১) মূলে বগুড়া জেলার দুপচাচিয়া উপজেলাধীন অর্জনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল কাদের ও সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব রেবেকা নাজমুন নাহারকে চূড়ান্তভাবে বরখাস্ত করে স্থায়ীভাবে এমপিও বন্ধ করার বিষয়ে গৃহীত পদক্ষেপ টিএমইডিকে অবহিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০২। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে মহোদয় কর্তৃক প্রেরিত তথ্যাদির প্রেক্ষিতে নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলো:

ক্রমিক	TMED এর Query	Query -এর প্রেক্ষিতে DME কর্তৃক প্রেরিত তথ্য	TMED এর মতামত
১	২	৩	৪
ক.	রিট পিটিশন নং-৭৫৬৮/১৯ মামলায় ২৮.০৭.১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের নিমিত্ত DME কর্তৃক গৃহীত কার্যক্রমের (TMED এর ২৫.০৯.১৯ তারিখের ৪৯২ সংখ্যক পত্রের আলোকে) হাল নাগাদ তথ্য প্রেরণ।	সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব রেবেকা নাজমুন নাহার কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৭৫৬৮/২০১৯ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক TMED এর পত্র নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫৬.১৭ তারিখ: ১৩.০১.১৯ খ্রি. এর কার্যকারিতা ০৬ মাসের জন্য স্থগিত করার প্রেক্ষিতে উক্ত স্থগিতাদেশকে vacate করার জন্য বিজ্ঞ আইনজীবী ব্যারিস্টার মোহাম্মদ শফিকুল ইসলামকে নির্দেশনা দেয়া হলে বিজ্ঞ আইনজীবী কর্তৃক নিম্নরূপ মতামত প্রদান করা হয়: "Now if we make an application for vacating the order of stay on the refund the money of MPO considering the facts and circumstances of the present case it is highly unlikely that the Honorable Court will entertain/allow our application without final hearing of the writ petition. Since the petitioners MPO is cancelled by the impugned Memo and the Honble court did not pass an order of stay of the cancellation of the MPO we should wait for the final hearing of the writ petition. In this situation, we are not moving an application for vacating the order of stay at this stage.	DME এর উক্ত পত্রে এবং ডিএমই এর বিজ্ঞ কৌশলী কর্তৃক প্রদত্ত মতামতে কিছু বিষয় অস্পষ্ট থাকায় এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ সম্ভব হচ্ছেনা। যেমন- ক. বিজ্ঞ কৌশলী কর্তৃক প্রদত্ত মতামতের সাথে মহোদয় একমত কিনা তা পত্রে স্পষ্ট করা হয়নি। খ. বিজ্ঞ কৌশলীর মতামত অনুযায়ী সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব রেবেকা নাজমুন নাহার এর এমপিও বাতিল করা হয়েছে মর্মে স্পষ্ট হয়,কিন্তু উক্ত শিক্ষকের এমপিও বাতিল করা হয়েছে কিনা এটা মহোদয়ের পত্রে স্পষ্ট করা হয়নি। গ. পিটিশনারের এমপিও বাতিল করা হয়ে থাকলে তা কবে থেকে বাতিল করা হয়েছে তা মহোদয়ের পত্রে স্পষ্ট করা হয়নি। ঘ. মহামান্য আদালত কর্তৃক টিএমইডির (মাদ্রাসা শাখা-১ এর) ১৩.০১.১৯ খ্রি: তারিখের পত্রের কার্যকারিতা স্থগিত করার পর পিটিশনারের এমপিও বাতিল করার আইনগত সুযোগ কতটুকু মহোদয় কর্তৃক এটা স্পষ্ট করা হয়নি। ঙ. মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত order of stay vacate করার পদক্ষেপ গ্রহণ করা হলে টিএমইডির কি কি আইনগত অসুবিধা হবে মহোদয় কর্তৃক তা স্পষ্ট করা হয়নি।
খ.	সুপার জনাব মো: আব্দুল কাদের কর্তৃক সহকারী জজ আদালত, বগুড়াতে দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৮৬/১৮ অন্য প্রকার মামলার আর্জির কপি	সুপার জনাব মো: আব্দুল কাদের কর্তৃক সহকারী জজ আদালত, বগুড়াতে দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৮৬/১৮ অন্য প্রকার মামলার আর্জির কপি সংযুক্ত।	উক্ত মামলায় সরকার প্রতি রায় হওয়ার বিষয়টি ডিএমই এর গোচরে আসার পর উক্ত রায় বাতিল/ স্থগিতের জন্য মহোদয় কর্তৃক কি কি পদক্ষেপ গৃহীত হয়েছে এ বিষয়ে কোন তথ্য দেয়া হয়নি। এমনকি আর্জির কপি প্রেরণের জন্য অনুরোধ সত্ত্বেও কোন আর্জির কপি পাঠানো হয়নি।

০৩। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে (অনুচ্ছেদ ০২ এর কলাম ০৪ এ বর্ণিত মতে) চাহিত তথ্যাদি আগামী ৩০/০১/২০২০ তারিখের মধ্যে TMED তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।